



ইনসেপ্টা কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)

৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ২৩ বৈশাখ ১৪২৮
০৬ মে ২০২১

প্রশাসনিক পরিপত্র নং-২১/২০২১

কর্পোরেশনের যে সকল কর্মচারী অকাল মৃত্যুবরণ করেন তাদের সন্তানদের পড়াশোনা সহ অন্যান্য খরচ বহন করার জন্য কর্পোরেশনের কর্মচারীদের বেতন হতে মাসিক নির্দিষ্ট পরিমাণ অর্থ কর্তন করে ফান্ড গঠনের নিমিত্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে একটি পর্যালোচনা কমিটি গঠন করা হলোঃ

(০১) উপ-মহাব্যবস্থাপক, মার্চেন্টাইজিং ডিভিশন	সভাপতি
(০২) সহকারী মহাব্যবস্থাপক, সেন্ট্রাল অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট	সদস্য
(০৩) সহকারী মহাব্যবস্থাপক, ল' ডিপার্টমেন্ট (আহবায়ক, এডহক কমিটি)	সদস্য
(০৪) সহকারী মহাব্যবস্থাপক, পেনশন এন্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট	সদস্য
(০৫) সহকারী মহাব্যবস্থাপক, ইইএফ রিকভারি ডিপার্টমেন্ট-১ ও ইইএফ রিকভারি ডিপার্টমেন্ট-২ (যৌথ দায়িত্ব) (সদস্য সচিব, এডহক কমিটি)	সদস্য
(০৬) সিনিয়র প্রিন্সিপাল অফিসার-১, অডিট ডিপার্টমেন্ট	সদস্য
(০৭) প্রিন্সিপাল অফিসার-৩, পেনশন এন্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট	সদস্য সচিব
(০৮) সুপারভাইজার, প্রকিউরমেন্ট এন্ড কমন সার্ভিস ডিপার্টমেন্ট (ভারপ্রাপ্ত সভাপতি, আইসিবি কর্মচারী ইউনিয়ন)	সদস্য
(০৯) সুপারভাইজার, সেন্ট্রাল অ্যাকাউন্টস্ ডিপার্টমেন্ট (সহ-সাধারণ সম্পাদক, আইসিবি কর্মচারী ইউনিয়ন)	সদস্য

কমিটির কার্যপরিধি (TOR) নিম্নরূপ নির্ধারণ করা যেতে পারেঃ

- ফান্ড গঠনের জন্য কর্পোরেশনের সকল কর্মচারী তাদের মাসিক বেতন হতে প্রতি মাসে নির্দিষ্ট পরিমাণ অর্থ কর্তন করতে ইচ্ছুক কি-না, তা যাচাই করবে;
- সকল সরকারি প্রতিষ্ঠানে ০৩ ধরনের ফান্ড বিদ্যমান (সুপারঅ্যানুয়েশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড, কর্মচারী কল্যাণ তহবিল)। সেক্ষেত্রে উল্লিখিত ০৩ ধরনের ফান্ডের বাহিরে নতুন একটি ফান্ড গঠন করা আইনানুগ/বিধিসম্মত হবে কি-না, তা যাচাই-বাছাই করবে;
- অন্য কোন প্রতিষ্ঠানে এ ধরনের ফান্ড চালু রয়েছে কি-না, যদি থাকে তবে কোন নীতিমালার আলোকে পরিচালিত হচ্ছে সে সংক্রান্ত তথ্য সংগ্রহ করবে;
- উল্লিখিত ফান্ড এর ভবিষ্যত প্রভাব (Impact) কি হবে এবং ফান্ড গঠনের প্রেক্ষিতে আইসিবি কর্মচারী কল্যাণ তহবিলের উপর কোন প্রভাব (Impact) পড়বে কি-না সে বিষয়টি বিশ্লেষণ করবে;
- সর্বোপরি উল্লিখিত ফান্ড গঠন করা সম্ভব হলে তা পরিচালনার নিমিত্ত নীতিমালা প্রণয়নের জন্য নিম্নোক্ত বিষয়সমূহ বিশ্লেষণ করবেঃ
 - আর্থিক সক্ষমতা ও চাকুরিকাল বিবেচনায় রেখে কর্পোরেশনের কোন স্তরের কর্মচারীগণ কত বছর পরে মৃত্যুবরণ করলে তাদের সন্তানেরা পড়াশোনার জন্য এই ফান্ড হতে অনুদান প্রাপ্য হবে, তা যাচাই-বাছাই করবে;
 - মৃত কর্মচারীর কত জন সন্তানকে এ সুবিধা প্রদান করা হবে এবং নির্দিষ্ট কোন শিক্ষাস্তর (নির্দিষ্ট কোন শিক্ষাস্তর পর্যন্ত/আজীবন) পর্যন্ত এ সুবিধা প্রদান করা হবে;
 - কোন শিক্ষাস্তরের জন্য কত টাকা প্রদান করা হবে এবং প্রদানের ধরণ (এককালীন/মাসিক) নির্ধারণ করবে;
 - ফান্ড গঠিত হলে, উক্ত ফান্ডের অর্থ কোন লাভজনক খাতে বিনিয়োগ করা যাবে কি-না, তা বিশ্লেষণ করে দেখবে;
 - উক্ত ফান্ডের রক্ষণাবেক্ষণ কিভাবে হবে, রক্ষণাবেক্ষণের নিমিত্ত কোন কমিটি গঠন করা যাবে কি-না, গঠিত হলে উক্ত কমিটির কার্যপরিধি কি হবে, তা নির্ধারণ করা;
 - প্রস্তাবনায় উল্লিখিত অন্যান্য খরচ বলতে কি বুঝাবে তা কমিটিকে নির্ধারণ করতে হবে;

চলমান পাতা-০২

=০২=

- যদি আলাদা ফান্ড গঠন করা হয় সেক্ষেত্রে অবসর পরবর্তী দেনা-পাওনা নিষ্পত্তিকালে উক্ত ফান্ড হতে কোন আর্থিক সুবিধা প্রদান করা হবে কি-না;
- পিআরএলকালীন কর্তন অব্যাহত থাকবে কি-না এবং পিআরএলকালীন কোন কর্মচারী মৃত্যবরণ করলে তাঁর সন্তান এ সুবিধার আওতাভুক্ত হবেন কি-না;
- স্বামী/স্ত্রী উভয় অত্র প্রতিষ্ঠানে কর্মরত হলে সেক্ষেত্রে একজনের মৃত্যুতে তাঁদের সন্তান এ সুবিধার আওতাভুক্ত হবেন কি-না;
- এছাড়া ফান্ড সংক্রান্ত অন্যান্য বিষয় যাচাই-বাছাই করবে।

- ০২। কমিটি এ সম্পর্কিত প্রতিবেদন আগামী তিন (০৩) মাসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সমীপে উপস্থাপন করবে।
- ০৩। সভাপতির অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতি হিসেবে দায়িত্ব পালন করবেন। কমিটি প্রয়োজনে কর্পোরেশনের যে কোন কর্মচারীকে কো-অপ্ট করতে পারবে।
- ০৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।



(জাহাঙ্গীর হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

বিভরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব
২. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
৩. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৪. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৯. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।